**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 15/12/202** **Desk in Charg :- Kalyan L**
**Time: 1.30 PM** **Compiling :- Sujoy P./ Suvra C.**
**DEO: KB** **NRT : Suvra Chakrabarty**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ প্রধানমন্ত্রীকে নিয়ে কংগ্রেসের কটু মন্তব্যের অভিযোগের প্রেক্ষিতে সরকার ও বিরোধী পক্ষের সাংসদদের তীব্র বাদানুবাদের জেরে লোকসভার অধিবেশন দুপুর দু'টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে। #একই ইস্যুতে রাজ্যসভার অধিবেশন দুপুর ১২ টা পর্যন্ত মুলতুবি হয়ে যাওয়ার পর আবার শুরু হয়েছে।

২/ জর্ডান, ইথিওপিয়া এবং ওমান– এই ত্রিদেশীয় সফরে আজ সকালে রওনা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩/ বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর, আজ আবুধাবিতে ষোড়শ যুগ্মকমিশন এবং পঞ্চম কৌশলগত আলোচনার সহ সভাপতিত্ব করবেন।

৪/ সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫-তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী, তাঁর স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা জানিয়েছেন।

৫/ মুখ্য তথ্য কমিশনার হিসেবে আজ শপথ গ্রহণ করেছেন রাজকুমার গোয়েল।

৬/ 'SDAT স্কোয়াশ বিশ্বকাপ ২০২৫'-এর প্রথম বিশ্বকাপ জিতে ইতিহাস সৃষ্টি করার জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী, ভারতীয় স্কোয়াশ দলকে অভিনন্দন জানিয়েছেন ।

*****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে আপত্তিকর মন্তব্য করায় কংগ্রেস নেতৃত্বের ক্ষমা প্রার্থনার দাবিতে, এনডিএ সাংসদদের বিক্ষোভ এবং বিরোধী নেতাদের সঙ্গে তীব্র বাদানুবাদের জেরে আজ লোকসভার অধিবেশন আজ দুপুর ২টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে।  আজ লোকসভা অধিবেশন শুরু হওয়ার পর সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজুজু গতকাল নতুন দিল্লিতে কংগ্রেসের জনসভায় প্রধানমন্ত্রীর বিরুদ্ধে করা মন্তব্যের বিষয়টি সভায় উত্থাপন করে বলেন, এ ধরণের মন্তব্য কখনই গ্রহণযোগ্য নয়। এই ঘটনাকে অত্যন্ত লজ্জার ও দুর্ভাগ্যজনক বলে আখ্যা দেন তিনি।

( বাইট-কিরেণ রিজুজু  )

এই নিয়ে শাসক ও বিরোধী সাংসদদের মধ্যে বাদানুবাদ চলতে থাকায় অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে বেলা ১২টা পর্যন্ত সভার কাজ মুলতুবি করে দেন। এর আগে লোকসভার প্রয়াত সাংসদ সুভাষ আহুজা অধ্যাপক সালাউদ্দিন এবং বালকৃষ্ণ চৌহারের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং তাঁদের স্মরণে নীরবতা পালন করা হয়। ১২টার পর সভার কাজ আবার শুরু হলে একই ইস্যুতে এনডিএ ও কংগ্রেস সাংসদদের মধ্যে তীব্র বাদানুবাদ হলে অধ্যক্ষ ওম বিড়লা আবার দুপুর দুটো পর্যন্ত মুলতুবি ঘোষণা করেন।

রাজ্যসভাতে একই পরিস্থিতির সৃষ্টি হয়। সভার শুরুতেই শাসক দলের নেতা জেপি নাড্ডা রাজ্যসভায় কংগ্রেসের নেতা মল্লিকার্জুন খাড়গে ও প্রবীন কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধীর ক্ষমা প্রার্থনা দাবি করেন। তিনি বলেন এ ধরণের মন্তব্য কংগ্রেসের চিন্তাধারা ও মানসিকতার প্রতিফলন।

( বাইট- জেপি নাড্ডা)

রাজ্যসভায় বাদানুবাদ চলতে থাকায় ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, বেলা ১২ টা পর্যন্ত সভার কাজ মুলতুবি করে দেন। ১২ টার পর আবার সভা শুরু হয়।

**********************

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে রামমোহন নাইডু বলেছেন ডিজিসিএর অধীনে ভাড়া নিয়ন্ত্রক সংক্রান্ত বিভাগ বিমানভাড়ার ওপর  কড়া নজর রাখছে। রাজ্যসভায় আজ প্রশ্নোত্তর পর্বে এক জবাবে তিনি বলেন, আন্তঃদেশীয় বিমান চলাচলের

পাশাপাশি আন্তর্জাতিক রুটেও বিমান ভাড়ার উপর নজর রাখা হচ্ছে, যখনই বিমানভাড়া বৃদ্ধির কোনও সম্ভাবনা দেখা দেবে, মন্ত্রক দ্রুত পদক্ষেপ করবে বলে জানিয়েছেন তিনি।
সম্প্রতি ইন্ডিগোর বিমান সংস্থার সমস্যা চলাকালীন বিপুল সংখ্যক বিমান বাতিলের জেরে মন্ত্রক বিভিন্ন পদক্ষেপ নেয়।

( বাইট- কে রামমোহন নাইডু )

মন্ত্রী আরও জানান, বিমানভাড়া নিয়ন্ত্রণ সংক্রান্ত সুবিধা এয়ারসেবা পোর্টালে পাওয়া যাবে এবং কোনও যাত্রীর যদি মনে হয় ভাড়া অত্যন্ত বেশি তবে তারা স্ক্রিনশট তুলে এই পোর্টালের মাধ্যমে মন্ত্রককে পাঠাতে পারবেন বলে জানান শ্রী নাইডু।

**********************

ঘন কুয়াশার জেরে দিল্লি বিমানবন্দরে উড়ান চলাচল বর্তমানে ক্যাটেগরি থ্রি অধীনে নিয়ন্ত্রিত হচ্ছে। ঘন কুয়াশার ফলে দৃশ্যমানতা কমে গেলে বিমানবন্দর কর্তৃপক্ষ এই ক্যাটেগরির ব্যবহার করে থাকে। দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে বিমান চলাচলে বিলম্ব ও উড়ান বাতিলও হতে পারে। যাত্রীদের যাত্রা সুষ্ঠু করতে বিমানবন্দরের গ্রাউন্ড স্টাফ সহায়তা করছেন। এর পাশাপাশি বিমান চলাচল সংক্রান্ত শেষ মুহূর্তের খবর দেখার জন্য যাত্রীদের অনুরোধ করা হয়েছে। এক নির্দেশিকায় বিমানবন্দর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট এয়ারলাইনের সঙ্গে যাত্রীদের সংযোগ রক্ষা করে চলতে বলেছে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জর্ডান, ইথিওপিয়া এবং ওমানে চারদিনের সফরে আজ রওনা হয়েছেন। সফরের প্রথম পর্যায়ে প্রধানমন্ত্রী জর্ডানে যাবেন। দু দেশের কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে এই সফর। রাজা আব্দুল্লাহ বিন আল হুসেইনের আমন্ত্রণে তাঁর এই সফরে প্রধানমন্ত্রী , জর্ডনের রাজার সঙ্গে দু দেশের সামগ্রিক সম্পর্কের ক্ষেত্র খতিয়ে দেখার পাশাপাশি বিভিন্ন আঞ্চলিক বিষয়ে মতবিনিময় করবেন।

আগামীকাল (১৬ তারিখ) প্রধানমন্ত্রী ইথিওপিয়া যাবেন। সেদেশে এটি হবে তাঁর প্রথম সফর। তিনি ভারত- ইথিওপিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন বিষয়ে সেদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন।

তিন দেশ সফরের চূড়ান্ত পর্যায়ে প্রধানমন্ত্রী ওমানে পৌছবেন, সাক্ষাত করবেন সুলতান হাইথাম - বিন- তারিকের সঙ্গে। দু'দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রীর এই সফর। এই সফরের ফলে দুই দেশের বাণিজ্য, বিনিয়োগ,শক্তি, প্রতিরক্ষা, নিরাপত্তা, কৃষি ও সংস্কৃতি সহ দ্বিপাক্ষিক সম্পর্কের অংশীদারিত্বের বিষয়ে সামগ্রিক পর্যালোচনার সুযোগ মিলবে।

**********************

রাজ কুমার গোয়েল আজ মুখ্য তথ্য কমিশনার হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাষ্ট্রপতি ভবনে তাঁকে শপথবাক্য পাঠ করান।

**********************

পশ্চিমবঙ্গে SIR-এর পর খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে আগামীকাল। SDO, BDO ও জেলাশাসকের দফতরে তালিকা টাঙানোর পাশাপাশি খসড়া ভোটার তালিকা দেওয়া থাকবে কমিশনের ওয়েবসাইটেও। এরপরই শুরু হবে শুনানি প্রক্রিয়া। গত ২৭-শে অক্টোবর রাজ্যে এস আই আর-এর দিনক্ষণ ঘোষণা করেছিল কমিশন। সেদিন পর্যন্ত রাজ্যে মোট ভোটার ছিল ৭-কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজারের বেশি।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার সর্ব শেষ তথ্য অনুযায়ী ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি নাম বাদ পড়তে পারে বলে প্রাথমিক অনুমান। ত্রুটি মুক্ত তালিকা তৈরিতে সবরকম সাবধানতা অবলম্বন করছে নির্বাচন কমিশন। ভোটারদের জমা পড়া এন্যুমারেশন তথ্য যাচাই-এর কাজ চলছে যুদ্ধকালীন তৎপরতায়।

এদিকে, আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বৈদ্যুতিন ভোটযন্ত্র ইভিএম-এর ফার্স্ট লেভিল চেকিং প্রক্রিয়ায় কড়া নজরদারির ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। ভিন রাজ্য এবং নির্বাচন কমিশনের তরফে মোট পাঁচজন নোডাল অফিসারকে অবজার্ভার হিসেবে এরাজ্যে পাঠানো হয়েছে। বিভিন্ন ফার্স্ট লেভেল চেকিং ভেনুতে তাঁরা ইভিএম যাচাই প্রক্রিয়ার ওপর নজর রাখবেন। কমিশন সূত্রের খবর অরুণাচলপ্রদেশ থেকে

ডেপুটি সিইও সানিয়ে কায়েম মিজে, মহারাষ্ট্র থেকে ডেপুটি সিইও যোগেশ গোসাভি, মেঘালয় থেকে অ্যাডিশনাল CEO পি কে বোরো এবং মিজোরাম থেকে জয়েন্ট CEO এথেল রোথাংপুই-কে দায়িত্ব দেওয়া হয়েছে। এরইসঙ্গে কমিশনের তরফে আন্ডার সেক্রেটারি পদমর্যাদার আধিকারিক কণিষ্ক কুমারকেও অবজার্ভার হিসেবে নিয়োগ করা হয়েছে।

**********************

আকাশবাণীর কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আজ থেকে পাঁচ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একইসঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পোঁছে দিতে আজ থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

**********************

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ আবুধাবিতে ষড়োশ যুগ্ম কমিশন এবং পঞ্চম কৌশলগত আলোচনার সহ সভাপতিত্ব করবেন। তাঁর সঙ্গে থাকবেন সংযুক্ত আরব-আমীরশাহীর উপ-প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী শেখ আব্দুল্লা বিন জায়েদ আল নাহিয়ান। এরপর ডক্টর জয়শঙ্কর ইজরায়েল সফরে যাবেন এবং সেখানে ইজরায়েলী বিদেশমন্ত্রী গিদিও সার-এর সঙ্গে তাঁর দ্বিপাক্ষিক বৈঠকে বসার কথা রয়েছে।

**********************

অস্ট্রেলিয়ার বন্ডি সমুদ্র সৈকতে ইহুদিদের উৎসব হনুক্কার প্রথম দিন সন্ত্রাসবাদী হামলায় নিহতের সংখ্যা বেড়ে হল ১৫। অস্ট্রেলিয়ার পুলিশ প্রশাসন জানিয়েছে ঘটনায় অভিযুক্ত দুই বন্দুকবাজ বাবা ও ছেলে, যাদের বয়স ৫০ এবং ২৪ বছর। পুলিশের গুলিতে বাবা মারা গেলেও এই মুহুর্তে ছেলে পুলিশ হেফাজতে হাসপাতালে ভর্তি রয়েছে। এই ঘটনায় দুই পুলিশ আধিকারিক সহ ৪২ জন আহত হয়েছেন। এছাড়াও ঘটনাস্থল থেকে ছয়টি আগ্নেয়াস্ত্র এবং দুটি  বিস্ফোরক আইইডি সংগ্রহ করা হয়েছে।

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ একে অত্যন্ত বেদনাদায়ক ও

হতাশাজনক আখ্যা দিয়েছেন। ইজরায়েলের বিদেশমন্ত্রী গিডিয়ন সার এই ঘটনা কে ইহুদী বিদ্বেষী মনভাবের ফলাফল বলে অভিহিত করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অস্ট্রেলিয়ার বন্ডি সমুদ্র সৈকতে ভয়াবহ জঙ্গি হামলার তীব্র নিন্দা করেছেন। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে প্রধানমন্ত্রী নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি বলেন, এই শোকের মুহূর্তে ভারত অস্ট্রেলিয়ার জনগণের সঙ্গে একাত্মতা প্রকাশ করছে। শ্রী মোদী আরও বলেন যে সন্ত্রাসবাদের প্রতি ভারতের জিরো টলারেন্স নীতি রয়েছে এবং যে কোন রকম সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইকে সমর্থন করে।

অন্যদিকে, বিদেশ মন্ত্রী ডঃ এস জয় শংকর অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী পেনি অঙ্ এর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে বিদেশ মন্ত্রী জানিয়েছেন, বন্ডি সমুদ্র সৈকতে সন্ত্রাসবাদী হামলায় তিনি গভীর সমবেদনা জানিয়েছেন এবং এ ব্যাপারে ভারত পূর্ণ সহযোগিতা করবে বলে জানানো হয়েছে।

**********************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে উপরাষ্ট্রপতি বলেছেন যে, সর্দার বল্লভভাই প্যাটেল দেশীয় রাজ্যগুলোর একত্রীকরণ এবং অল ইন্ডিয়া সার্ভিসের ভিত্তি স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, যার মাধ্যমে তিনি দেশের ঐক্য ও প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করেছিলেন। তাঁকে ভারতের লৌহমানব হিসেবে বর্ণনা করে শ্রী রাধাকৃষ্ণন বলেন, প্যাটেলের নেতৃত্ব ভাষাগত, সাংস্কৃতিক এবং আঞ্চলিক বৈচিত্র্যে পরিপূর্ণ একটি জাতিকে একত্রিত করার মতো দুরূহ কাজের মোকাবিলা করেছিল। শ্রী রাধাকৃষ্ণন বলেন যে, তাঁর স্থায়ী উত্তরাধিকার 'এক ভারত শ্রেষ্ঠ ভারত'-এর ধারণাকে অনুপ্রাণিত করে চলেছে এবং একটি উন্নত ভারতের পথে যাত্রায় জাতিকে পথ দেখাচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্দার বল্লভভাই প্যাটেলের ৭৫-তম মৃত্যু বার্ষিকীতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন, আজকের দিনটি আত্মনির্ভর ভারতের লক্ষে অনুপ্রেরণা গ্রহণ করার বিশেষ সুযোগ। তিনি বলেন, সর্দার প্যাটেল রাষ্ট্রীয় একতার যে চিন্তাভাবনার জন্ম দিয়েছিলেন, তা বিকশিত ভারতের দিকে শক্তি যোগাবে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ সর্দার বল্লভভাই প্যাটেলের মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। এক সোশ্যাল মিডিয়া পোস্টে মন্ত্রী বলেন, ভারত স্বাধীন হওয়ার পর অনেক খন্ডে বিভক্ত ছিল। যেগুলিকে একত্রে করে একটি শক্তিশালী ভারতের ভিত্তিস্থাপন করেন সর্দার প্যাটেল।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শ্রদ্ধাজ্ঞাপন করে বলেন, আধুনিক ভারতের অন্যতম স্থপতি হলেন সর্দার বল্লভভাই প্যাটেল।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শহ SDAT স্কোয়াশ বিশ্বকাপ ২০২৫-এ প্রথমবারের মতো বিশ্বকাপ শিরোপা জিতে ইতিহাস সৃষ্টি করার জন্য ভারতীয় স্কোয়াশ দলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে জোশনা চিন্নাপ্পা, অভয় সিং, ভেলাভান সেন্থিল কুমার এবং অনাহত সিং-এর ব্যতিক্রমী পারফরম্যান্সের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, তাদের নিষ্ঠা, শৃঙ্খলা এবং দৃঢ় সংকল্প দেশবাসীকে গর্বিত করেছে। তিনি আরও বলেন যে এই শিরোপা অর্জন বিশ্ব মঞ্চে ভারতীয় ক্রীড়ার ক্রমবর্ধমান শক্তিকে প্রতিফলিত করবে। এই জয় দেশজুড়ে অসংখ্য তরুণ ক্রীড়াবিদকে অনুপ্রাণিত করবে এবং দেশের তরুণদের মধ্যে স্কোয়াশের জনপ্রিয়তা আরও বাড়িয়ে তুলবে বলে পোস্টে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

অন্যদিকে ভারতীয় স্কোয়াশ দলকে শুভেচ্ছা জানিয়ে অমিত শাহ বলেন, দেশের জন্য এই জয় গৌরবোজ্জ্বল অধ্যায় তৈরি করেছে। এই জয় প্রতিভাবান খেলোয়াড়দের আরও উৎসাহিত করবে।

**********************************************************************